মুজিবনগরে সবুজায়ন পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধন

ঐতিহাসিক মুজিবনগর কে সারা বাংলাদেশ এবং বিশ্বের দরবারে তুলে ধরতে শুরু হয়েছে”সবুজ মুজিবনগর পরিচ্ছন্ন মুজিবনগর” কর্মসূচি।

স্বাধীনতার সূতিকাগার বাংলাদেশের প্রথম রাজধানী বাংলাদেশ প্রথম সরকারের শপথ ভূমি ঐতিহাসিক মুজিবনগর একটি বৃহৎ পর্যটন কেন্দ্রে পরিণত হয়েছে।যেখানে সারা বছরই দেশ-বিদেশের অনেক পর্যটক মুক্তিযুদ্ধকে জানতে মুক্তিযুদ্ধের ইতিহাস কে জানতে এই ঐতিহাসিক মুজিবনগরে আসেন। ঐতিহাসিক স্থানটিকে পরিষ্কার-পরিচ্ছন্ন এবং সবুজ বাতায়নে গড়ে তোলার জন্য মুজিবনগর উপজেলা প্রশাসন গ্রীন মুজিবনগর ক্লিন মুজিবনগর এই প্রতিপাদ্যে মুজিবনগরে পিকনিক কর্নার সহ সমস্ত মুজিবনগরকে একটি সুন্দর পরিছন্ন মুজিবনগর হিসাবে গড়ে তুলতে সবুজায়ন ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধন করা হয়েছে।

বুধবার দুপুরে উদ্বোধনী অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এ পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধন করেন।

মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন এর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,টুরিষ্ট পুলিশ ওসি হাবিবুর রহমান, বাগোয়ান ইউনিয়নের ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক,মুজিবনগর অনন্যা পার্কের পরিচালক হাসানুজ্জামান লাল্টু।

এ সময় মুজিবনগরে আসা সকল পর্যটকদের ব্যাবহারকৃত আবর্জনা ডাস্টবিনে ফেলে স্থানটি পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য উপজেলা প্রশাসনের অর্থায়নে ডাস্টবিন হিসাবে ২০ টি প্লাস্টিকের ড্রাম স্থাপন করা হয়। যাতে পরিচ্ছন্নতা কর্মীর প্রতিদিনের আবর্জনা একটি নির্দিষ্ট স্থানে ফেলে তা ধ্বংস করতে পারে।